



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
www.dhakaeducationboard.gov.bd

নং- ৩৮৭/ক/স্বী:/২০১১/ ৯৬২

তারিখ: ২৬/১২/১১

বিষয়: ২০১৯-২০ শিক্ষাবর্ষ হতে উচ্চমাধ্যমিক পর্যায়ে কৃষি শিক্ষা এবং ফিন্যান্স ব্যাংকিং ও বীমা বিষয় খোলার অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০১১.২০১৬-৩৮০, তারিখ: ২৫/১১/২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার সাভার উপজেলাধীন 'আশুলিয়া উচ্চমাধ্যমিক বিদ্যালয়' -এ ২০১৯-২০ শিক্ষাবর্ষ হতে নিম্নোক্ত শর্তে উচ্চমাধ্যমিক পর্যায়ে কৃষি শিক্ষা এবং ফিন্যান্স ব্যাংকিং ও বীমা বিষয় খোলার অনুমতি প্রদান করা হলো।

শর্ত সমূহঃ

- শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থী সংখ্যা, পরীক্ষার্থী সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না;
- কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- এ অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- বেসরকারী কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারে।

স্বাঃ

প্রফেসর ড. মো: হারুন-অর-রশিদ  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।  
ফোন : ৫৮৬১২৪৭৬  
ইমেইল : ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ  
আশুলিয়া উচ্চমাধ্যমিক বিদ্যালয় (EIN-108456)  
সাভার, ঢাকা।

মেমো নং- ৯৬২ (৬)

তারিখ: ২৬/১২/১১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল:

- ১। সিনিয়র সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। পরিচালক, শিক্ষা, তথ্য ও পরিসংখ্যান ব্যুরো, নীলক্ষেত, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।

কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।